গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
**www.lawjusticediv.gov.bd**

নং-৪৭৪- বিচার-৩/১ডি-১১/২০১৬, তারিখঃ ৩০/০৬/২০১৬ খ্রিঃ।

**প্রজ্ঞাপন**

যেহেতু, ঢাকার অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ জুয়েল রানা এর বিরুদ্ধে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি সম্পর্কে ঔদ্ধত্যপূর্ণ, শিষ্টাচার-বহির্ভূত, অশালীন, অসংযত, মিথ্যা অভিযোগ উল্লেখসহ জি,এ, কমিটির সদস্যগণকে Undermine করে দরখাস্ত দাখিলের মাধ্যমে Misconduct বা অসদাচরণ এর অভিযোগ উত্থাপিত হয়েছে এবং উক্ত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে ; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ গুরুতর ; এবং

যেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করার পরামর্শ প্রদান করেছেন ;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী জনাব মোঃ জুয়েল রানা-কে আইন ও বিচার বিভাগে সংযুক্ত করতঃ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১(১) অনুযায়ী চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময় অভিযুক্ত কর্মকর্তা প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্ত হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ-
( আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক )
সচিব

নং-৪৭৪-/১(১২) বিচার-৩/১ডি-১১/২০১৬, তারিখঃ ৩০/০৬/২০১৬ খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, ঢাকা।
৩। জনাব মোঃ জুয়েল রানা, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব-২/৪/৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সিনিয়র তথ্য অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮। উপ-পরিচালক,বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১। যুগ্ম-সচিব (প্রশাসন-১/২)এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। উপ-সচিব(প্রশাসন-১/২)এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩০/৬/২০১৬

( মোঃ মাহবুবার রহমান সরকার )
উপ-সচিব (প্রশাসন-১)
ফোন-৯৫৪০৮৮৬